তৃণমূলের ক্যাডারের মতো কাজ করছে পুলিশ: দিলীপ

নিজস্ব প্রতিবেদন, বোলপুর : এবার রাজ্য পুলিশ প্রশাসনকে কাঠগড়ায় দাঁড় করালেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। মঙ্গলবার পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়েছেন তিনি।

এদিন কীর্নাহারে বিধানসভা ভিত্তিক বৈঠকে যোগ দিয়ে রাজ্যে পুলিশের ভূমিকায় প্রশ্ন তুলে দিলীপ ঘোষ বলেন, ‘ পুলিশের ভূমিকা এখন পালটে গিয়েছে। তারা মানুষের সেবা করার জন্য শপথ নিয়েছিলেন। সাধারণ মানুষের দেওয়া পয়সা থেকে তাঁদের উর্দি কিনে দেওয়া হয়, বেতন দেওয়া হয়। কিন্তু তারা তৃণমূলের ক্যাডারের মত কাজ করছেন। এটা আমি বলছি না-সমাজের প্রত্যেকটি মানুষ এই কথা বলছে। পুলিশ বারবার আক্রান্ত হচ্ছে, গাড়ি, থানা জ্বালিয়ে দেওয়া হচ্ছে। পুলিশের মধ্যেও এত ক্ষোভ এসে গিয়েছে যে, কলকাতায় পুলিশ নিজেরাই থানা ভেঙে দিচ্ছে।’ তিনি আরও বলেন, ‘ আমি এই কথা বলছি তার জন্য প্রশাসনের যারা কষ্ট পাচ্ছেন, তারা পুলিশকে ঠিক করুন। পুলিশের লোক বিজেপি কর্মীদের মারবে, গাছে টাঙিয়ে দেবে। পুলিশ যদি খুনির ভূমিকায় আসে, তাহলে তাকে আমরা রসগোল্লা খাওয়াবো না-তার সঙ্গে ক্রিমিনালের মত ব্যবহার করবো।’

তৃণমূলকে ভর্ৎসনা করে তিনি বলেন, ‘ এখানে এই ধরনের স্বৈরাচারী শাসক আছে, যারা বিরোধীদের ভয় দেখায়, হত্যা করে, কেস দেয়। এটা যত বাড়বে, পরিবর্তন তত তাড়াতাড়ি হবে। রাজ্যের মানুষ ত্রাহিত্রাহি করছেন এই অত্যাচারে। তৃণমূলের দলের লোকেরা আজ সুরক্ষিত নয়, তাদেরও প্রাণ যাচ্ছে। আইনশৃঙ্খলা বলে কিছু নেই, রাজনৈতিক হিংসায় ছেয়ে গিয়েছে। এর পরিবর্তনের জন্য বিজেপি লড়াই করছে। অনেকে কর্মী মারা গিয়েছে আরও মারা যাবেন। কিন্তু আমরা এর শেষ দেখে ছাড়বো।’

শান্তিকেতনের পাঁচিল ভাঙা প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, ‘তৃণমূল পার্টি এখানে জমি দখল করে দুষ্কৃতীদের বসিয়ে দিচ্ছে। টাকা নিয়ে ব্যবসায়ীদের বসিয়ে দিচ্ছে। যে হেতু উপাচার্য পাঁচিল দিয়ে সেটা আটকাতে চেয়েছেন, তাই তাঁর বিরুদ্ধে আন্দোলন হচ্ছে। তাঁর বাড়িতে, অধ্যাপকদের বাড়িতে ঢিল মারা হচ্ছে। শেষপর্যন্ত বিধায়ক, কাউন্সিলর গিয়ে দেওয়াল ভেঙে দিয়েছে। এখানে গায়ের জোরে লুঠপাট, মাফিয়া রাজ চলছে। এখানে শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষাঙ্গন কোনটাই সুরক্ষিত নয়।’ এদিন কীর্নাহারে বিধানসভা ভিত্তিক বৈঠক করে বিজেপি। সেখানে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ, বীরভূম জেলা সভাপতি শ্যামাপদ মণ্ডল-সহ কয়েকশো বিজেপি কর্মী।

কলেজ বন্ধ থাকা সত্ত্বেও বাড়তি ফি

মকুবের দাবিতে গেটে তালা ঝুলিয়ে বিক্ষোভ পড়ুয়াদের

নিজস্ব প্রতিবেদন, হাবড়া: নতুন বছরে ভর্তির জন্য পড়ুয়াদের, কলেজ বন্ধ থাকার সত্ত্বেও দিতে হবে বাড়তি ফি! কলেজের এই সিদ্ধান্তের প্রতিবাদে এবার কলেজের গেটে তালা ঝোলালেন পড়ুয়ারা। তালা লাগিয়ে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখালেন তারা। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে হাবড়ার বাণীপুর মহিলা মহাবিদ্যালয়ে। এদিন পড়ুয়ারা কলেজের গেটে তালা লাগিয়ে কর্তৃপক্ষের বিরুদ্ধে বিক্ষোভ দেখান। অবশ্য দু’পক্ষের আলোচনার পর বিষয়টি বিবেচনার আশ্বাসে বিক্ষোভ তুলে নেয় পড়ুয়ারা।

পড়ুয়াদের অভিযোগ, লকডাউনের মধ্যে কলেজ বন্ধ ছিল। কিন্তু নতুন বছরে ভর্তির জন্য প্রতিমাসে মাসিক বেতন দিতে নির্দেশ দিয়েছে কলেজ কর্তৃপক্ষ। পড়ুয়াদেরআরও অভিযোগ, যেখানে অন্যান্য কলেজগুলোতে ১০০ টাকায় ভর্তির কথা বলা হচ্ছে, সেখানে বাড়তি ৮০০ থেকে ১০০০ দাবি করেছে এই কলেজ কর্তৃপক্ষ। পড়ুয়াদের প্রশ্ন, এমনটা কেন হবে? অন্য দিকে, কলেজ কর্তৃপক্ষের দাবি, এতদিন কলেজ খোলা থাকায় বিদ্যুৎ-সহ আনুষঙ্গিক খরচ হয়েছে। পাশাপাশি পড়ুয়াদের বকেয়া ফি দিতে বলা হয়েছে। বাড়তি ফি মকুবের দাবিতে এদিন বেলা ১২টা ৩০ মিনিটে হাবড়া বাণীপুর মহিলা মহাবিদ্যালয়ের সামনে গেটে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখান পড়ুয়ারা। এই বিক্ষোভে সামিল হন কলেজের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের পড়ুয়ারা। পড়ুয়াদের বক্তব্য, দু’দিন আগে হোয়াটসঅ্যাপের মাধ্যমে নোটিস জারি করে মার্কশিট তোলার নির্দেশ দেয় কলেজ কর্তৃপক্ষ। মার্কশিট তুলতে এসে পড়ুয়ারা জানতে পারেন, প্রতিমাসে অনার্সের পড়ুয়াদের ২৫০ এবং জেনারেল পড়ুয়াদের ২০০ টাকা করে দিতে হবে। অথচ লকডাউনে কলেজ বন্ধ ছিল। এর পরেই বাড়তি ফি প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ দেখান পড়ুয়ারা। তাদের দাবি না-মানা পর্যন্ত কলেজে বিক্ষোভ চলবে বলে জানিয়েছে পড়ুয়ারা। তবে এদিন বিকেলে দীর্ঘসময় ধরে কলেজ কর্তৃপক্ষ ও পড়ুয়াদের মধ্যে আলোচনা হয়। তারপর বিষয়টি দ্রুত প্রিন্সিপালের সঙ্গে আলোচনা করে সমস্যার মীমাংসার আশ্বাস দেয় কলেজ কর্তৃপক্ষ। এরপরই বিক্ষোভ তুলে নেন পড়ুয়ারা। প্রিন্সিপালের অনুপস্থিতিতে প্রধান করণিক শ্রাবন্ত বিশ্বাস জানান, পড়ুয়াদের বকেয়া টাকা দিতে বলা হয়েছে। এতদিন কলেজ খোলা ছিল, সেক্ষেত্রে ইলেকট্রিক ও আনুষঙ্গিক খরচ হয়েছে। তবে পড়ুয়া ও তাদের অভিভাবকদের দাবির বিষয়টি তিনি প্রিন্সিপালকে জানাবেন বলে আশ্বাস দেন। *ছবি: টিটব বিশ্বাস।*

LOST & FOUND

Lost Deed No 00163/2004 registered at ARA I, KOLKATA. If found please inform at 9830580888 OR at Topline Commercial Pvt. Ltd., 45A, Raja Basant Roy Rd, Kolkata-700029.

Notice Inviting Tender No.03/CFC of 2020-2021 of the Prodhan Bali I Gram Panchayat

Sl.	Particulars	Date & Time
1.	Date of NIT Nocuments publish	07/09/2020 from 11.00am
2.	Documents sell start date	07/09/2020 from 11.00am
3.	Date of start of submission of Technical & Financial bid	07/09/2020 from 11.00am
4.	Date of closing of submission of Technical bid & Financial bid	14/09/2020 from 2.00am
5.	Bid opening date & time for Technical bid	16/09/2020 from 2.00am

For details log on https://wbtenders.gov.in

Sd/-, Prodhan
Bali-I Gram Panchayat
P.O.- Tungi Block, Nowda, M.S.D

ABRIDGED NIT

On behalf of Patharpartime Gram Panchayat of Patharpratima Block under S 24 Pgs Dist. invites bids through e-tendering process for construction of **2 Nos. of BP Road** within the GP area. The last online bid submission date is **22/09/20 till 01.00pm.** The NIT Memo Nos are 228 to 232/ XVFC-UNTIED/ NIT/ PGP/2020 and the tender values (Excluding GST & L. Cess) are Rs. 8,46, 730/-, 5,41, 988/-, 11, 39, 727-, 6,55,359/- & 2,01,154/- respectively. For details please visit https://wbtenders.gov.in

Sd/-
Pradhan, Patharpratima GP

এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ
CIN: L21090WB1984PLC037968
রেজিঃ অফিস : ৫০৫, ডায়মন্ড প্রেস্টিজ, ৪১ এ, এজেসি বোস রোড, কলকাতা-৭০০০১৭, রাজ্য : পঃবঃ
দূরভাষ: +৯১ (৩৩) ৬৬০৪ ৪৮৩৪ এবং
ই-মেল : ho@agiopaper.com
ওয়েবসাইট : www.agiopaper.com

বিজ্ঞপ্তি

সেবি (এলওডিআর) রেগুলেশন ২০১৫ -র রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা, মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ আমাদের রেজিস্টার্ড অফিস-৫০৫, ডায়মন্ড প্রেস্টিজ, ৪১ এ, এজেসি বোস রোড, কলকাতা-৭০০০১৭, বেলা ৩.০০টায় অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ জুন, ২০২০ তারিখে কোম্পানির সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্ত করা হবে

বোর্ডের আদেশক্রমে
এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে
স্বা/-
স্থান : কলকাতা — মলয় চক্রবর্তী
তারিখ: ০৭.০৯.২০২০ — ডিরেক্টর

ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড
রেজিঃ অফিস: ৪০৯, স্বাইকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (পঃবঃ) ৭০০০০১
ফোন: ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com
ই-মেল: info@dynamicarchistructures.com
ফোন নং- ০৩৩ ২২৩৭ ৭২০১
CIN- L45201WB1996PLC077451

সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭(১) অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা ১০১, লাইট ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, ভিলাই ৪৯০০২৬ ঠিকানায় অবস্থিত কর্পোরেট অফিসে সোমবার, ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে বিকেল ৪.০০টায় অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ জুন, ২০২০ তারিখ সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।
রেগুলেশনস ৪৭(২) অনুযায়ী এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com পাওয়া যাবে এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com -তেও পাওয়া যাবে।

বোর্ডের আদেশানুসারে
ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
দানমল পরওয়াল
স্থান: ভিলাই — চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
তারিখ: ৮ সেপ্টেম্বর, ২০২০ — DIN: 00581351

Rohit Ferro-Tech Limited
[Under Corporate Insolvency Resolution Process]
Regd. Office: 35, C. R Avenue, 4th Floor, Kolkata-700 012
Phone No. +91-33-22110225
Corporate Office: 'SKP HOUSE', 132A, S. P Mukherjee Road, Kolkata-700 026
Phone No. +91-33-40168000/8100
Fax: +91-33-40168170
Website: www.rohitferrotech.com,
Email: cs@rohitferrotech.com
CIN: L27104WB2000PLC091629

NOTICE

Pursuant to Regulation 47 read with Regulation 29 of SEBI (Listing Obligations and Disclosures Requirements), Regulation 2015, notice is hereby given that a meeting of Resolution Professional with Directors and Key Managerial Personnel of the Company is scheduled to be held on Tuesday, 15th September, 2020, inter-alia, to consider and approve among other matters, the Unaudited Financial Results, both on standalone and consolidated basis for the quarter ended on 30th June, 2020.

For Rohit Ferro-Tech Limited
Sd/-
8th September, 2020 — A. P. Shaw
Kolkata — Company Secretary

এনপিআর ফিনান্স লিঃ
“টোডি ম্যানসন”, ১, লু-সান সরণি, ১০ম তল, কলকাতা-৭০০০৭৩
CIN- L65921WB1989PLC047091
ওয়েবসাইট : www.nprfinance.com
ই-মেল: npr1@nprfinance.com
ফোন নং- ০৩৩ ২২৩৭ ৭২০১

বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা সোমবার, ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে বিকেল ৫.০০টায় অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ জুন, ২০২০ তারিখ সমাপ্ত ত্রৈমাসিকে কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ ধারা ৪৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com), via the link: http://www.nprfinance.com/ filecontent/ NOTICE_JUNE%2020.pdf -তে প্রদর্শিত আছে। এই বিজ্ঞপ্তি বিএসই লিঃ-র কর্প. অ্যানাউন্সমেন্ট বিভাগ, যেখানে কোম্পানির শেয়ার নিবন্ধভুক্ত আছে (www.bseindia.com)-তেও পাওয়া যাবে।

এনপিআর ফিনান্স লিঃ-র পক্ষে
স্থান : কলকাতা — রিম্পা রায়
তারিখ: ০৭.০৯.২০২০ — কোম্পানি সেক্রেটারি

শালিমার ওয়্যারস্ ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN : L74140WB1996PLC081521
রেজিস্টার্ড অফিস : ২৫, গণেশচন্দ্র এভিনিউ, কলকাতা-৭০০০১৩
টেলি: ৯১-৩৩-২২৩৪৯৩০৮/০৯/১০, ফ্যাক্স: ৯১-৩৩-২২১১ ৬৮৮০,
ই-মেল : secretarial@shalimarwires.com, ওয়েবসাইট: www.shalimarwires.com

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির সদস্যদের ২৪তম বার্ষিক সাধারণ সভা ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বুধবার সকাল ১১টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/আদার অডিও ভিসুয়ালি মিনস (ওএভিএম)-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে এজিএম আহ্বায়ক ৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখের নোটিসে বর্ণিত কার্যাদি নিষ্পন্নের জন্য। উক্ত নোটিস একইসঙ্গে ৩১ মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত বর্ষের জন্য বার্ষিক রিপোর্ট ৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে বৈদ্যুতিন মোডের মাধ্যমে সদস্যদের কাছে পাঠানো হয়েছে।
এছাড়াও বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সদস্যদের রেজিস্টার ও কোম্পানির শেয়ার ট্রান্সফার রেজিস্টার এজিএমের উদ্দেশ্যে ২৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে।
এতদ্দ্বারা আরও বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখের নোটিসে বর্ণিত কার্যাদি নিষ্পন্ন হবে বৈদ্যুতিন পদ্ধতিতে ভোটদানের মাধ্যমে। রিমোট ই-ভোটিং সময়কাল শুরু ২৬ সেপ্টেম্বর, ২০২০ তারিখ শনিবার (সকাল ৯টা), শেষ হবে ২৯ সেপ্টেম্বর, ২০২০ তারিখ মঙ্গলবার (বিকেল ৫টা)। উক্ত তারিখ ও সময়ের পরে রিমোট ই-ভোটিংয়ে ভোট দিতে দেওয়া হবে না। যে-সব সদস্য ফিজিক্যাল ফর্মে বা ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধারণ করেন কাট-অফ তারিখমতো, অর্থাৎ ২৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখ ব্যবসায়িক কার্যকাল শেষ হওয়া পর্যন্ত, কেবল তাঁরাই যোগ্য হবেন রিমোট ই-ভোটিং সেইসঙ্গে এজিএমে ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার। এজিএমের নোটিস পাঠানোর পরে কোম্পানির সদস্য হয়েছেন এবং কাট-অফ ডেট মতো শেয়ার ধারণ করেন, এমন ব্যক্তি লগ ইন ক্রিডেনশিয়াল পেতে পারেন evoting@cdslindia.com -তে অনুরোধ পাঠিয়ে।
যে-সব সদস্য ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে যোগদান করেছেন এবং রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে প্রস্তাবের উপর তাঁদের ভোট দেননি এবং অন্যভাবে তা দেওয়ার জন্য নিষিদ্ধ ন, তাঁরা সিডিএসএল ব্যবসিধত ই-ভোটিং প্ল্যাটফর্ম ব্যবহার করে এজিএম চলাকালীন ভোটদানের যোগ্য হবেন। যে-সব সদস্য এজিএমের পূর্বে রিমোট ই-ভোটিং দ্বারা তাঁদেরে ভাট দিয়েছেন, তাঁরাও ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে যোগ দিতে পারেন, তবে আবার তাঁদের ভোটদানের জন্য যোগ্য হবেন না। রিমোট ই-ভোটিং এবং এজিএমের সময়ে ই-ভোটিংয়ের সম্পর্কে বিস্তারিত পদ্ধতি ও নির্দেশ এজিএমের নোটিসে দেওয়া আছে।
সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে ৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে প্রকাশিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে নোটিসের প্রতি যা পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.shalimarwires.com -তে এবং এছাড়াও বিএসই লিঃ -এর ওয়েবসাইট www.bseindia.com -তে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে। এজিএম আহ্বায়ক নোটিসও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.shalimarwires.com এবং এছাড়াও সিডিএসএলের ওয়েবসাইট www.evotingindia.com -তে।
কোনও প্রশ্ন/অভিযোগ থাকলে (রিমোট ই-ভোটিং সম্পর্কিত), সদস্যরা দেখতে পাবেন ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফএকিউ) যাতে শেয়ারহোল্ডার জন্য এবং রিমোট ই-ভোটিং ইউজার ম্যানুয়েল ফর শেয়ারহোল্ডার জন্য যা পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটের ডাউনলোড সেকশন অধীন বা যোগাযোগ করুন সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৬তম তল, ম্যারাথন ফিউচারেক্স, মফতলাল মিল কম্পাউন্ডস, এমএম জোশি মার্ক, লোয়ার প্যারেল (ইস্ট) মুম্বই-৪০০০১৩ বা ইমেল পাঠাতে পারেন এখানে helpdesk.evoting@cdslindia.com বা ফোন করুন ০২২-২৩০৫৮৭৩৮/৮৫৪৩ বা টোল ফ্রি নম্বর ১৮০০২২৫৫৩৩।

বোর্ডের আদেশানুসারে
শালিমার ওয়্যারস্ ইন্ডাস্ট্রিজ লিঃ-র পক্ষে
এস. কে. কেজরিওয়াল
স্থান: কলকাতা — কোম্পানি সেক্রেটারি
তারিখ: ৮ সেপ্টেম্বর, ২০২০

কুপিয়ে খুন যুবককে

নিজস্ব প্রতিবেদন, বারাসত: যুবককে কুপিয়ে খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়াল দেগঙ্গার নন্দিপাড়া গ্রামে। ওই যুবককে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে অজ্ঞাতপরিচয়ের দুষ্কৃতীদের বিরুদ্ধে। প্রায় ১ সপ্তাহ ধরে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পর, অবশেষে মঙ্গলবার সকালে কলকাতার আরজি কর হাসপাতলে মৃত্যু হয়েছে ওই যুবকের। এদিনই পরিবারের তরফে দেগঙ্গা থানায় খুনের অভিযোগ দায়ের করা হয়। কে বা কারা ওই যুবককে খুন করেছে, তা তদন্ত করে দেখছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধারাল অস্ত্র দিয়ে ওই যুবককে কুপিয়ে ছিল দুষ্কৃতীরা। এদিন চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়েছে। মৃতের নাম সাইফুল মল্লিক (৩১)। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, ব্যবসায়ীক গন্ডগোলের জেরেই ওই যুবককে খুন করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সাইফুলের বাড়ি দেগঙ্গার বেড়াচাঁপা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের নন্দীপাড়ার মল্লিকপাড়ায়। সাইফুলের দাদা শাজাহান মল্লিক জানান, গত ২ সেপ্টেম্বর রাত ১১টা নাগাদ ভাইয়ের মোবাইলে একটা ফোন আসে। তারপরেই ভাই বাড়ি থেকে বেরিয়ে যায়। এর কিছুক্ষণ পরেই বাড়ি থেকে ৫০০ মিটার দূরের একটি আম বাগান থেকে এক প্রতিবেশীর চিৎকার শুনতে পাই। গিয়ে দেখি রক্তাক্ত অবস্থায় পড়ে আছে ভাই। মাথায়, গলায় ও বুকে ধারাল অস্ত্রের কোপ। ওই রাতেই সাইফুলকে উদ্ধার করে প্রথমে বারাসত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থার অবনতি হওয়ায় পরে আরজিকর হাসপাতালে ভর্তি করা হয়। সপ্তাহখানিক ধরে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পর এদিন ভাইয়ের মৃত্যু হয়।

চুঁচুড়ার স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতি বিজড়িত বিদ্যামন্দিরে বেহাল অবস্থা

সংস্কারের দাবি স্থানীয়দের

নিজস্ব প্রতিবেদন, হুগলি: চুঁচুড়ার স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতি বিজড়িত জাতীয় বিদ্যালয় ‘বিদ্যামন্দিরের’ বেহাল অবস্থায় ক্ষুব্ধ এলাকাবাসী। ভগ্নপ্রায় স্থাপত্যটির সংস্কারের দাবিতে সরব হয়েছেন স্থানীয়রা।

স্থানীয়দের অভিযোগ, চক বাজার মোড়ের এই জাতীয় বিদ্যালয় বিদ্যামন্দিরকে দেখলে, এখন তো চেনা দায় হয়ে উঠেছে। পরিত্যাক্ত হয়ে উঠছে ঐতিহাসিক স্থানটি। স্থানীয়রা জানিয়েছেন, অথচ কে আসেনি সেখানে? পাকাপাকিভাবে কাজী নজরুল ইসলাম সেখানে আস্তানা করলেও নরমপন্থী থেকে চরমপন্থী, সকলেরই যাতায়াত ছিল সেখানে।

উল্লেখ্য, ১৯২১ সালের ১৮ জানুয়ারি চুঁচুড়া চকবাজার মোড়ে তৈরি হয় জাতীয় বিদ্যালয় ‘বিদ্যামন্দির’। পাকাপাকিভাবে সেখানে আস্তানা গাড়েন কাজী নজরুল ইসলাম। সংকল্প গ্রহণ করা হয় মানুষ গড়ার কারখানা হিসেবে গড়ে তোলা হবে এই বিদ্যামন্দিরকে। কাজী নজরুল ইসলাম সেখানে থেকে তাঁর দায় ভার গ্রহণ করলেও পাশে থাকেন নেতাজি সুভাষ চন্দ্র বোস, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, ভুপতি মজুমদার-সহ একাধিক স্বাধীনতা সংগ্রামী। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কীভাবে লড়াই হবে, তার ‘ব্লু প্রিন্ট’ তৈরি হত ঐতিহ্যবাহী বিদ্যামন্দিরে। একদিকে দেশকে ব্রিটিশদের হাত থেকে শৃঙ্খল মুক্ত করারা পরিকল্পনা, অন্য দিকে শিক্ষার প্রসার ঘটিয়ে মেরুদণ্ড সোজা করে চলার পথ দেখানো হত এখানেই।

স্থানীয় বাসিন্দাদের বক্তব্য, স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতিধন্য এই পবিত্র ভূমি এখন প্রোমোটারের গ্রাসে বিলীন হতে চলেছে। অথচ নিরব প্রশাসন ও সরকার। তবে এলাকার কিছু বুদ্ধিজীবী মানুষের আন্দোলনের জেরে থমকে গিয়েছে প্রোমোটারের চক্রান্ত। তবে, এলাকাবাসীদের অভিযোগ, প্রশাসনের উদাসীনতায় জঙ্গলে পরিপূর্ণ হয়ে ধ্বংসস্তুপে পরিণত হচ্ছে এই ঐতিহ্যবাহী বিদ্যামন্দিরটি। তাঁদের দাবি, অবিলম্বে এই স্থান সংরক্ষণ করে সংস্কার করা হোক। অভিযোগ, জটিলতার কারণ দেখিয়ে এখনও নীরব রয়েছে স্থানীয় পুরসভা।

সংশোধনী

গত ইং ৫.০৯.২০২০ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-র দখল বিজ্ঞপ্তি বিজ্ঞাপনে শাখার নাম ‘চাঁদিপুর শাখা’-র পরিবর্তে **‘চন্ডীপুর শাখা’** পড়তে হবে। বাকি অন্যান্য বিষয় সবই একই থাকবে। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখিত।

অ্যালফ্রেড হারবার্ট (ইন্ডিয়া) লিঃ
রেজিঃ অফিস: ১৩/৩ স্ট্র্যান্ড রোড, কলকাতা-৭০০০০১, টেলিফোন: ২২২৬৮৬১৯
ফ্যাক্স : (০৩৩) ২২২৯ ৯১২৪
ই-মেল : Kolkata@alfredherbert.com
ওয়েবসাইট : www.alfredherbert.co.in
CIN: L74999WB1919PLC0035169

বিজ্ঞপ্তি

১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ মঙ্গলবার কোম্পানির পরিচালন পর্ষদের একটি সভা অনুষ্ঠিত হবে যেখানে ৩০ জুন, ২০২০ তারিখে ত্রৈমাসিক ও তিন মাস সমাপ্ত সময়ের অনিরীক্ষিত (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড) আর্থিক ফলাফল নথিভুক্ত করা হবে।

পর্ষদের পক্ষে
শোভনা শেঠি
স্থান : কলকাতা — কোম্পানি সেক্রেটারি এবং
তারিখ: ০৭.০৯.২০২০ — চিফ ফিনান্সিয়াল অফিসার

Ankit Metal & Power Limited
Regd. Office: 35, Chittaranjan Avenue, Kolkata - 700 012
Phone No. : +91-33-2211 0225;
E-mail: cs@ankitmetal.com
Corporate Office: SKP House, 132A, S. P. Mukherjee Road, Kolkata - 700 026
Phone No. : +91-33-4016 8000/8100;
Fax: +91-33-40168107
CIN : L27101WB2002PLC094979;
website : www.ankitmetal.com

NOTICE

Notice is hereby given pursuant to Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a meeting of the Board of Directors of the Company will be held on Tuesday, 15th September, 2020, at Kolkata, inter-alia, to consider and approve the Un-audited Financial Results of the Company for the quarter ended 30th June, 2020.
The information is also available on the website of the Company at www.ankitmetal.com and on the website of the Stock Exchanges i.e. www.nseindia.com and www.bseindia.com.

For Ankit Metal & Power Limited
Sd /-
Place : Kolkata — Vineeta Barmecha
Date : 8th September, 2020 — (Company Secretary)

IMPEX FERRO TECH LTD.
Regd. Office: 35, C. R Avenue, 4th Floor, Kolkata-700012
Phone No. +91-33-22110225
Corporate Office: 'SKP HOUSE', 132A, S. P Mukherjee Road, Kolkata-700026
Phone No. +91-33-40168000/8100
Fax: +91-33-40168107
Website: www.impexferrotech.com,
Email: cs@impexferrotech.com
CIN: L27101WB1995PLC071996

NOTICE

Notice is hereby given pursuant to Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a meeting of the Board of Directors of the Company will be held on Tuesday, 15th September, 2020 at Kolkata, inter-alia, to consider and approve the Un-audited Financial Results of the Company for the quarter ended 30th June, 2020.
The information is also available on the website of the Company at www.impexferrotech.com and on the website of the Stock Exchanges i.e. www.nseindia.com and www.bseindia.com.

For Impex Ferro Tech Limited
Sd/-
Date: 8th September, 2020 — Richa Agarwal
Place: Kolkata — (Company Secretary)

অ্যামালগ্যামেটেড ডেভেলপমেন্ট লিমিটেড
CIN: L70109WB1948PLC016546
রেজিঃ অফিস : ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০০২২,
দূরভাষ: +৯১-৩৩-২২২৩০০১৬, ফ্যাক্স: +৯১-৩৩-২২২৩১৫৬৯,
ই-মেল : compliance@lnbgroup.com

৭১তম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ এবং ই-ভোটিং তথ্যের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির সদস্যদের ৭১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে সোমবার, ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বেলা ১২.৩০মি.-এ, কোম্পানির রেজিস্টার্ড অফিস, ৭ মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২-এ।
বিনাস্ত মতো কার্যাদি যা সম্পন্ন হবে ৭১তম এজিএম-এ, তার বিজ্ঞপ্তি সহ পরিব